



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
ইডেন মহিলা কলেজ, ঢাকা।

**১ম বর্ষ ডিগ্রী (পাস) ছাত্রীদের উপবৃত্তির বিজ্ঞপ্তি**  
**শিক্ষাবর্ষ-২০১৬-২০১৭**

তারিখ : ১১/০৫/২০১৯

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ডিগ্রী (পাস) ও সমমান পর্যায়ে ছাত্রীদের উপবৃত্তি প্রদান প্রকল্পের আওতায় ইডেন মহিলা কলেজের ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের ১ম বর্ষ ডিগ্রী (পাস) কোর্সে (নিয়মিত) অধ্যয়নরত ছাত্রীদের নিকট থেকে নির্ধারিত ফরমে আগামী ২০/০৫/২০১৯ ইং তারিখের মধ্যে আবেদন আহ্বান করা হলো।

আবেদন করার যোগ্যতাঃ-

- প্রতিবন্ধী শিক্ষার্থী, এতিম, অস্বচ্ছল মুক্তিযোদ্ধাদের সন্তান, নদীভাঙ্গন কবলিত পরিবারের সন্তান এবং দুস্থ পরিবারের সন্তানগণ উপবৃত্তি প্রাপ্তির ক্ষেত্রে অগ্রাধিকার পাবে।
- উপবৃত্তি প্রাপ্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীর অভিভাবকের বার্ষিক আয় মোট ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার কম হতে হবে। অভিভাবক/পিতামাতার মোট জমির পরিমাণ সিটি কর্পোরেশন এলাকায় বসবাসকারী ০.০৫ শতাংশ, পৌরসভা এলাকায় ০.২০ শতাংশ এবং অন্যান্য এলাকায় ০.৭৫ শতাংশের কম জমি থাকতে হবে। সংশ্লিষ্ট এলাকার সিটি কর্পোরেশন/ পৌরসভার মেয়র/ কাউন্সিলর/ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা/ সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান প্রদত্ত আয় ও জমির পরিমাণ সম্পর্কিত সনদপত্র যুক্ত করতে হবে।
- উপবৃত্তিপ্রাপ্তির জন্য শিক্ষার্থীকে স্নাতক (পাস)/সমমান পর্যায়ে নিয়মিত শিক্ষার্থী হতে হবে।
- নিয়মিত শিক্ষার্থী হিসেবে শ্রেণিকক্ষে (ক্লাস) কমপক্ষে ৭৫% উপস্থিতি থাকতে হবে
- ছাত্র-ছাত্রীর ভর্তিকৃত শিক্ষা প্রতিষ্ঠানের হালনাগাদ জাতীয় বিশ্ববিদ্যালয়/ ইসলামী বিশ্ববিদ্যালয়ের স্বীকৃতি এবং পাঠদানের অনুমতি থাকতে হবে।
- ১ম বর্ষ ডিগ্রী (পাস) ছাত্রীদের উপবৃত্তির আবেদনের ফরম প্রশাসনিক ভবনের নীচ তলা রেজিস্ট্রেশন শাখা থেকে সংগ্রহ করা যাবে।
  - আবেদন করার জন্য পাসপোর্ট ও স্ট্যাম্প সাইজের তিন কপি করে রঙ্গীন ছবি সাথে আনতে হবে।
  - আবেদন ফরমের সাথে ভর্তির আবেদনের ফটোকপি জমা দিতে হবে।
- আবেদন ফরম পূরণের নিয়মাবলী :-

আবেদন ফরম ছাত্রীকে স্বহস্তে সঠিক ভাবে পূরণ করতে হবে। পূরণকৃত ফরমের নিদিষ্ট স্থানে পাসপোর্ট সাইজের এক কপি রঙ্গীন ছবি আইকা আঠা দিয়ে লাগিয়ে একসেট ফটোকপি করে, ফটোকপি সেটের সাথে অনুরূপ দুইকপি ছবি স্ট্যাম্পের করে মোট দুইসেট আবেদন ফরম উল্লিখিত তারিখের মধ্যে প্রশাসনিক ভবনের নীচ তলা রেজিস্ট্রেশন শাখায় জমা দিতে হবে।
- আবেদন পত্র জমা দেওয়ার সময়সূচী : ২৫/০৫/২০১৯ ইং তারিখ পর্যন্ত  
(অফিস চালকালীন সকাল ১০:০০টা হতে দুপুর ১:০০টা পর্যন্ত)
- আবেদন ফরম জমা দেয়ার স্থান : প্রশাসনিক ভবনের নীচতলা রেজিঃ শাখা  
উল্লিখিত তারিখের পরে কোনক্রমেই আবেদনপত্র জমা নেয়া হবে না।

২০/০৫/১৯  
অধ্যক্ষ

ইডেন মহিলা কলেজ, ঢাকা।  
স্বাক্ষর